



## চাকরি হারানোর ভয় না থাকায় সেবার মান কমছে সরকারি হাসপাতালে: স্বাস্থ্য সচিব



সংগৃহীত ছবি

স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মো. সাইদুর রহমান বলেছেন, সরকারি হাসপাতালে চাকরি হারানোর ভয় না থাকায় রোগীরা কাজিফত সেবা পান না। তিনি জবাবদিহিতা নিশ্চিত ও সেবার মান উন্নয়নে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের আহ্বান জানিয়েছেন।

সরকারি হাসপাতালে চাকরি হারানোর ভয় না থাকায় সেবাগ্রহীতারা কাজিফত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মো. সাইদুর রহমান। শনিবার (৯ আগস্ট) দুপুরে রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত বাংলাদেশ কোয়ালিটি ইমপ্রভমেন্ট কনভেনশন-এ তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, প্রতিটি ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করা জরুরি। স্বাস্থ্যখাতে সেবার মানোন্নয়নে স্বাস্থ্য সংশ্লিষ্ট সবাইকে তিন মাস মেয়াদি পরিকল্পনা নিয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

সাইদুর রহমান আরও বলেন, “যদি হাসপাতাল ব্যবস্থাপনায় একটি ইতিবাচক পরিবর্তন আনা যায়, তবে রোগীরা তাদের কাজিফত সেবা পেতে কোনো বাধার মুখে পড়বেন না।” তিনি স্বাস্থ্যসেবার মানোন্নয়নে একটি সুনির্দিষ্ট ও ধারাবাহিক পদ্ধতি অনুসরণের ওপর গুরুত্বারোপ করেন।